# সংবাদ (News)

## সংবাদ কী ? (What is news ?)

## সংবাদের সংজ্ঞা (News defined)

## সংবাদ মূল্য (News value)

### সংবাদ কী ?

সংবাদ কথাটির অভিধানিক অর্থ খবর। কোনো বিষয় বা ব্যক্তি সম্পর্কে নতুন তথ্য। কিন্তু সংবাদবিদ্যায় খবর বলতে বোঝায় সংবাদপত্রের পাঠকদের উপযোগী পরিবেশিত সর্বশেষ ঘটনাবলির বিবরণ অথবা সদ্য উদ্‌ঘাটিত কোনো তথ্য ও তথ্যের ব্যাখ্যা ও বিশ্লেষণ।

সংবাদের ইংরেজি প্রতিশব্দ News। New বা 'নতুন' এই শব্দটির সঙ্গে S যোগ করে বহুবচন করা হয়েছে। এর আক্ষরিক অর্থ অনেকগুলি নতুন। এই কথাটির মধ্যে সংবাদের প্রকৃত অর্থ লুকিয়ে আছে। 'বহু নতুন' অর্থে নতুন নতুন ঘটনা ও ঘটনার বর্ণনা। নতুন কোনো তথ্যের বিবরণ। শুধু ঘটনা নয়—ঘটনার আকর্ষণীয় বর্ণনা ও বিবরণ সংবাদমাধ্যমের বিষয়। তবে এই ঘটনা সদ্য ঘটা চাই। কারণ দৈনিক সংবাদপত্র প্রতিদিন প্রকাশিত হয়। গতকাল প্রকাশিত সংবাদপত্র ও আজকের প্রভাতী সংবাদপত্রের প্রকাশ সীমার মধ্যে যা কিছু ঘটে গেছে সেটাই সদ্য ঘটে যাওয়া সংবাদ বলে বিবেচিত হয়। টেলিভিশনে ঘণ্টায় ঘণ্টায় অথবা অবিরাম সংবাদ পরিবেশন চলতে থাকে। সুতরাং এক ঘণ্টা আগে বা তারও কম সময়ের মধ্যে ঘটে যাওয়া ঘটনাগুলি টিভি দেখাতে পারে। টিভির কাছে সকালে ঘটে যাওয়া ঘটনা বিকেলে পুরনো হয়ে যাওয়া খবর। টিভি বহু গুরুত্বপূর্ণ ঘটনা ঘটার সঙ্গে সঙ্গেই দেখায়।

এই নতুনত্বই সংবাদের বৈশিষ্ট্য। কারণ সংবাদ মাধ্যমের মধ্যে প্রতিযোগিতা চলে কে কত সাম্প্রতিকতম ঘটনা পরিবেশন করতে পারে।



Scanned by CamScanner

টিভির মত রেডিও যে কোনো ঘটনা ঘটার সঙ্গে সঙ্গে সম্প্রচার করতে পারে। টিভির আগে রেডিওই ২৪ ঘন্টার সংবাদ চ্যানেল চালু করে।

কিন্তু শুধু সাম্প্রতিকতম খবর প্রকাশ করলেই হবে না তাকে মনোগ্রাহী করে লিখতে হবে বা পরিবেশন করতে হবে। আবার প্রতিদিন প্রতিমুহূর্তে কত ঘটনাই ঘটে যাচ্ছে সারা পৃথিবীতে। বিপুলা এ ধরণীর কতটুকু জানি। সব ঘটনাই পরিবেশন যোগ্য নয়। একমাত্র গুরুত্বপূর্ণ ও জনমানসে আগ্রহ সৃষ্টিকারি ঘটনাই সংবাদ হিসাবে ছাড়পত্র পায়। বিভিন্ন গণমাধ্যমের সংবাদ পরিবেশনের উদ্দেশ্য এক। সে উদ্দেশ্যগুলি হল ঃ

১। মানুষের কাছে দিনের বিভিন্ন event বা ঘটনাবলী তুলে ধরা।

২। প্রয়োজনে গুরুত্বপূর্ণ ঘটনাগুলির বিশ্লেষণ ও পর্যালোচনা করে তার রাজনৈতিক ও সামাজিক গুরুত্ব পাঠক ও শ্রোতাদের বুঝিয়ে দেওয়া।

৩। বিভিন্ন ঘটনাস্রোতে পৃথিবীর সামাজিক রাজনৈতিক ও সাংস্কৃতিক পরিকাঠামো ধীরে ধীরে বদলায়। ঘটনার প্রভাব পড়ে মানুষের চিন্তাধারার ওপরেও। গণমাধ্যম ঘটনার ব্যাখান ও বিশ্লেষণের দ্বারা সেই পরিবর্তনকে সাহায্য করে অথবা পরিবর্তনকে ত্বরান্বিত করে।

৪। সংবাদ ঘটমান-বর্তমানকে ইতিহাসের এক অপরিহার্য উপাদান হিসাবে ধরে রেখে দেয়। সেই হিসাবে সংবাদ ইতিহাসের দলিল (dccomentation of history)।

৫। সংবাদ জনমানসে কখনও ইতিবাচক কখনও নেতিবাচক প্রতিক্রিয়ার সৃষ্টি করে। উভয় প্রতিক্রিয়ায়ই মানুষকে রাজনৈতিক, সাংস্কৃতিক ও সামাজিক ভাবনায় সচেতন করে তোলে।

৬। স্কুল কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষায় নানা অপূর্ণতার ফলে সেই অপূর্ণতা পূর্ণ করে দেয় সংবাদ মাধ্যমগুলি। সংবাদ মানুষকে ক্রমাগত ঘটনাপ্রবাহ সম্পর্কে সচেতন রাখে। মানুষকে প্রকৃত শিক্ষিত করে তোলে। কারণ পরিবেশ ও পরিপার্শ্বিকি সম্পর্কে সচেনতাই প্রকৃত শিক্ষা।

৭। গণতন্ত্রের মূল ভিত্তি মানুষের মুক্তচিন্তা। সংবাদমাধ্যম এই মুক্তচিন্তার উৎস। সংবাদপত্র মানুষকে রাজনৈতিক শিক্ষায় শিক্ষিত করে

Scanned by CamScanner

তোলে। তার বিচারবুদ্ধিকে উদার ও মুক্ত করে ও তার চিন্তাশক্তির সীমা প্রসারিত করে তাকে বিভিন্ন ঘটনার তুলনা ও বিশ্লেষণ করতে শেখায়।

এসব কারণে সংবাদ মাধ্যমগুলির একটি গুরু দায়িত্বও থেকে যায়। সেই দায়িত্ববোধ থেকে সাংবাদিককে এমন ভাবে সংবাদ লিখতে হয় যা বস্তুনিষ্ঠ (objective) ও ব্যক্তিনিরপেক্ষ (impersonal) অর্থাৎ সাংবাদিক সংবাদ পরিবেশনের সময় কোনো বিশেষ ব্যক্তি বা গোষ্ঠীর হয়ে এক পেশে কিছু লিখতে পারেন না। তিনি কোনো বিশেষ দলের হয়ে সাফাই গাইতে পারেন না। যা ঘটেছে যেটুকু ঘটেছে সেটুকুই তিনি লেখার অধিকারী। সংবাদ মাধ্যম খবরের ব্যাখ্যা বিশ্লেষণ ও মন্তব্য করতেই পারে। কিন্তু সে দায়িত্ব সম্পাদকের, প্রতিবেদকের নয়। প্রতিবেদক বিনা মন্তব্যে যেটুকু দেখবেন সেটুকুই লিখবেন। এই নীতি ও আদর্শ একদা ব্রিটিশ সাংবাদিকতার ঐতিহ্য ও রীতি হিসাবে গ্রহণীয় হয়েছিল। Facts are sacred, comments are free. ঘটনা পবিত্র, সেটি বিকৃত করা চলবে না। তবে মন্তব্য করার অধিকার অবাধ। কিন্তু সেই অধিকার সম্পাদকীয় লেখকদের—প্রতিবেদকের নয়। কালক্রমে সমস্ত গণতান্ত্রিক দেশের সংবাদ মাধ্যম এই নীতিকেই আদর্শ বলে গ্রহণ করে।

## সংবাদের সংজ্ঞা (Definition of News)

গণমাধ্যম বাহিত সংবাদ পরিবেষণার শুরু সপ্তদশ শতক থেকে। ভারতে অষ্টাদশ শতকের শেষভাগ থেকে। সেই সময় থেকে অদ্যাবধি সংবাদ কাকে বলে সে সম্পর্কে সাংবাদিকরা নানা আখ্যা দিয়েছেন। তার মধ্য থেকে সংবাদের যে ধারণাগুলি বেরিয়ে এসেছে সেগুলি হল যে কোনো ব্যতিক্রমী ঘটনাই খবর। যেমন—মানুষ কুকুরকে কামড়ালে খবর, কুকুর মানুষকে কামড়ালে নয়। কারণ কুকুরতো মানুষকে কামড়াবেই।

যেমন—বাঘ হাতি বনে থাকে। কিন্তু তারা বন থেকে বেরিয়ে লোকালয়ে এলে খবর হয়।

আবার কেউ কেউ বলেছেন vice is news, not virtue. পাপই খবর, পুণ্য নয়। কিন্তু এই সংজ্ঞাগুলি স্বয়ংসম্পূর্ণ নয়। কুকুর যদি কোনো বিশিষ্ট ব্যক্তিকে কামড়ে দেয় তাহলে সেটাও খবর। পাগলা কুকুর পাড়ার

Scanned by CamScanner

অনেকগুলি লোককে কামড়ালে সেটি খবর। এক কিশোর তার মাকে হত্যা করেছে এই পাপ কাজ যেমন খবর, তেমনি আর একটি কিশোর মাধ্যমিকে প্রথম হয়েছে সেটিও খবর।

**সংবাদের অসংখ্য সংজ্ঞার মধ্যে কয়েকটি সংজ্ঞা।**

News is the immediate the important, the things that have impact on our lives. Freda Morries. 'সংবাদ সদ্য ঘটে যাওয়া গুরুত্বপূর্ণ বিষয়সমূহ আমাদের জীবনে যার তাৎপর্য অসীম।

কিন্তু সংবাদ কোনো সাদা-মাঠা তথ্য নয়। একটু ব্যতিক্রমী তথ্য যেন। যা চিরাচরিত ভাবে ঘটে আসছে, যার মধ্যে কোনো বৈচিত্র্য নেই তা সংবাদ নয়। তথ্য হিসাবে তার আলাদা মূল্য থাকতে পারে। কিন্তু তা পাঠকের চিত্তকে আকর্ষণ করে না। খবর হবে সব সময় ব্যতিক্রমী কোনো ঘটনা।

Chartes Dana বলেন ঃ When a dog bites a man that is not a news but when a man bites a dog that is news.

কুকুর যখন মানুষকে কামড়ায় সেটি খবর হয় না। মানুষ কুকুরকে কামড়ালেই খবর। কুকুর মানুষকে কামড়ালেও তা অবশ্য খবর, যদি সে খেপে গিয়ে অনেকগুলি মানুষকে কামড়ায়, অথবা একজনকেই যদি কামড়ায় তাহলে সে লোকটি যদি একজন বিখ্যাত ব্যক্তি হয়, হয় একজন মন্ত্রী, না হয় একজন চিত্রাভিনেত্রী অথবা গ্রামের কুকুর স্কুলের হেডমাস্টারকে কামড়ালেও খবর। বাড়ির পোষা কুকুর বাড়ির বাচ্চাকে কামড়ে মেরে ফেলেছে সেটিও খবর হয়েছে, কারণ সব ঘটনাই ব্যতিক্রমী।

যে কোনও গুরুত্বপূর্ণ event বা ঘটনাই খবর। কিন্তু শুধু ঘটনা বিবরণ দিলেই খবরটা তেমন জমবে না ; তার মধ্যে বৈচিত্র্যের সন্ধান দিতে হবে। প্রতিদিন এত বিয়ে হচ্ছে। বিয়েতো ঘটনা। কিন্তু সব বিয়ে খবর নয়। অভিষেক বচ্চন ও ঐশ্বর্য রাই এর বিয়ে খবর। কারণ সেটি খুব মুখরোচক ঘটনা। পাবলিকের কাছে এটি আলোচনার বিষয়। আবার শুধু event বা ঘটনার বর্ণনাই খবর নয়, ঘটনাটির সামাজিক ও রাজনৈতিক তাৎপর্যও থাকা চাই। রাহুল গান্ধী পশ্চিমবঙ্গে নির্বাচনী প্রচারে এসেছিলেন ২০০৯ সালের লোকসভা নির্বাচনের প্রাক্কালে। বয়সে তরুণ একজন নেতার প্রতিটি

Scanned by CamScanner

মুহূর্ত প্রতিবেদকরা রিপোর্ট করলেন কেন? এমনকী তাঁর চলন বলন কোনো কিছুই বাদ গেলনা। এর কারণ তিনি গান্ধী পরিবারের এক রাজনৈতিক ব্যক্তিত্ব। একটি প্রধান রাজনৈতিক দলের সাধারণ সম্পাদক তাই তাঁর নানা মন্তব্যের প্রতিক্রিয়া ঘটতে বাধ্য। একারণে প্রতিবেদকদের কাছে তাঁর প্রতিটি কথাই গুরুত্বপূর্ণ। রাজনীতি সমাজ ও সংস্কৃতির পক্ষে যা গুরুত্বপূর্ণ সংবাদদাতাদের কাছে তা নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ। বহুক্ষেত্রে বিতর্কিত নেতারা সংবাদপত্রে আরও গুরুত্ব পান এই কারণে যে বিতর্ক জনসাধারণের ওই ব্যক্তি সম্পর্কে আগ্রহ বাড়িয়ে তোলে।

সংবাদ কোনও পক্ষাপক্ষ বিচার করে না। সংবাদদাতা শুধু দেখেন কোন ব্যক্তি বা কোন বিষয় যাকে নিয়ে অথবা যা নিয়ে তিনি সংবাদ লিখছেন জনসাধারণের সে সম্পর্কে কোন আগ্রহ আছে কিনা, তাদের যদি আগ্রহ নাও থাকে তাহলে সংবাদের ধর্ম অনুসারে সেটি সংবাদ হয়ে উঠতে পেরেছে কিনা।

**সংবাদের আর একটি সংজ্ঞা ঃ** 'News is an accurate balanced, brief, and fair minded account of happening with factual information of names and action in which public has stake.

—Sharda Kausik.

*সংবাদ হল এমন সব নামী লোককে জড়িয়ে বিভিন্ন ক্রিয়া প্রতিক্রিয়ার বিবরণ যার সঙ্গে জনসাধারণের স্বার্থ জড়িত। তবে এই বিবরণ হবে যথাযথ, সুসম, সংক্ষিপ্ত এবং নিরপেক্ষ মনের রচনা। প্রত্যেকটি তথ্যই হবে সত্যাশ্রয়ী।*

News is the first rough draft of history. —Bend bradfel.

সংবাদ ইতিহাসের প্রথম খসড়া। বাস্তবিক পক্ষেই তাই। আজ যা ঘটছে কাল তা ইতিহাস। আর আজ যা ঘটছে তার বিবরণ ধরে রাখছে সংবাদপত্র। পতন অভ্যুদয়, দুর্ভিক্ষ, বন্যা, মন্দা প্রাচুর্য, দাঙ্গা-হাঙ্গামা, যুদ্ধ বিপ্লব শান্তি ব্যক্তি ও জাতির সুখ দুঃখ, আনন্দ বিষাদের প্রতিটি বিবরণই তুলে ধরছে সংবাদপত্র আর এই সংবাদপত্রের ক্লিপিংগুলিই হয়ে উঠছে ইতিহাসের বহুমূল্য উপাদান।

Scanned by CamScanner

সব কিছু মিলিয়ে সংবাদের পূর্ণাঙ্গ সংজ্ঞা হল ঃ

A news is an incident, event or collection of information with interpretation, which provide the direction of society and relates individuals to society and state individuals to society and state. It provides kind of information to an individual that enhances one's knowledge base that make him cultlrally rich. News is no doubt an integral part of education.

সংবাদ কোন ঘটনা, বা কার্যক্রম অথবা বিভিন্ন তথ্যের ব্যাখ্যা সম্বলিত সংকলন যা সমাজের গতিপথ নির্ণয়করে ও ব্যক্তির সঙ্গে সমাজের ও রাষ্ট্রের সম্পর্ককে চিহ্নিত করে। সংবাদ এমন সব তথ্য পরিবেশন করে যাতে করে ব্যক্তির জ্ঞানের ভিত্তিভূমি তৈরি হয়ে যায় এবং তার ফলে সে সাংস্কৃতিক চেতনায় সমৃদ্ধ হয়ে ওঠে। সংবাদ নিঃসন্দেহে শিক্ষার একটি অবিচ্ছেদ্য অংশ।

সংবাদের বস্তু নিরপেক্ষ মামুলি সংজ্ঞা এখন আর নেই। আধুনিক তথ্য—সমাজে সংবাদকে এখন যথেষ্ট সামাজিক তাৎপর্যপূর্ণ বলে মনে করা হয়। একারণে সংবাদ এখন শুধু তথ্য সংগ্রহ নয়—সাংবাদিক এযুগে একজন গণজ্ঞাপক (mass communicator) যিনি শুধু সেই সব ঘটনাগুলিকেই সংগ্রহ করেন যা সমাজের পক্ষে গুরুত্বপূর্ণ ও তাৎপর্যপূর্ণ।

বিভিন্ন সংজ্ঞার সারমর্ম থেকে খবরের যে সার্বজনীন সংজ্ঞা দেওয়া যায় সেটি এই ঃ

**খবর ইতিপূর্বে অপ্রকাশিত এমন কোনো ঘটনার বিবরণ যার সম্পর্কে পাঠক শ্রোতা বা দর্শকদের আগ্রহ আছে।**

এই সংজ্ঞা অনুসারে সংবাদ সংগ্রাহক বা প্রতিবেদককে নজর দিতে হয় তিনটি বিষয়ের প্রতি। এই তিনটি বিষয়কে সংবাদের মৌলিক উপাদান বা elements বলে।

**ক. নতুনত্ব।** অর্থাৎ যে সংবাদ ইতিপূর্বে কোথাও প্রকাশিত হয়নি। যা নতুন। ইংরাজিতে News অর্থে সংবাদ। New অর্থে নতুন। অর্থাৎ সংবাদকে সব সময়ই নতুন হতে হবে। টিভিতে ঘন্টায় ঘন্টায় সংবাদ দেওয়া হয়

Scanned by CamScanner

অর্থাৎ গত এক ঘন্টার মধ্যে যা ঘটেছে এবং সকাল থেকে যা ঘটেছে। কারণ অনেকে হয়তো আগের বুলেটিন মিস করেছেন, তাই তাঁর কাছে এক ঘন্টার আগের খবরও নতুন। তেমনি খবরের কাগজে গতকালের সারা দিন রাতের খবর নতুন। কিন্তু পরশুদিনের খবর নয়। নতুনত্বের জন্য খবরের কাগজ গতদিনের গুরুত্বপূর্ণ ঘটনা যা রেডিও টিভির মাধ্যমে লোকে ইতিমধ্যেই জেনে ফেলেছে, সেগুলি আরও বিস্তারিত ভাবে প্রকাশ করে অনেক নতুন তথ্য সংযোজন করে তার সঙ্গে।

**খ. শ্রোতার আগ্রহ নিরসন :**

সাংবাদিকতার ভাষায় রেডিও, টিভি ও সংবাদপত্রের সংবাদ যারা শোনেন, দেখেন বা পড়েন তাঁদের সবাইকেই এক কথায় অডিয়েন্স (audience) বা শ্রোতা বলা হয়। শ্রোতাদের যে বিষয়ের উপর আগ্রহ আছে সেটাই খবর।

প্রতিটি সংবাদ মাধ্যমের নির্দিষ্ট শ্রোতা আছে। শ্রোতাদের আগ্রহ অর্থে এই নির্দিষ্ট শ্রোতা বা লক্ষ্য শ্রোতাদের (target audience) আগ্রহ। শ্রোতাদের আগ্রহ নেই এমন ঘটনার বিবরণ সেই মাধ্যম প্রকাশ করতে আগ্রহী হবেনা। যেমন সিনেমা বা বিনোদনে আগ্রহী সংবাদ মাধ্যম অর্থনৈতিক খবর পরিবেশন বা প্রকাশ করবেন না। কারণ তাঁদের শ্রোতারা এই খবরে আগ্রহী নন।

কিন্তু সাধারণ সংবাদপত্র বা সংবাদ চ্যানেল এমন খবরের ওপর গুরুত্ব দেয় যাতে সবারই আগ্রহ আছে। রাজনীতির জগতে পতন-অভ্যুদয়, তথা রাজনীতির পালা বদলের প্রতি সবার আগ্রহ। আবার সামাজিক জীবনের ওপর আলোকপাত করে এমন কোনো ঘটনা যেমন গৃহহিংসা নিবারক, আইন, শিক্ষা সংস্কার বিষয় আইন, লোকসভা বিধানসভার বিবরণ, নির্বাচন থেকে শুরু করে প্রতিদিনকার নানা ঘটনা দুর্ঘটনা, ভি. আই. পি. ও সেলিব্রিটিদের সম্পর্কে নানা খবর থেকে আমাদের প্রত্যেকের জীবনে তাৎপর্যপূর্ণ নানা ঘটনার প্রতি আমাদের সকলেরই আগ্রহ। যদিও সকলের আগ্রহ সমান নয়। কিন্তু সংবাদ মাধ্যম একটি প্যাকেজ। সেই প্যাকেজে নানা ধরণের ও নানা বিষয়ের ওপর খবর থাকে। যার যাতে আগ্রহ তিনি

Scanned by CamScanner

সেগুলি পড়েন। আবার বিশেষ শ্রোতাদের জন্য বিশেষ বিশেষ খবরের কাগজ ম্যাগাজিন ও জার্নাল প্রকাশিত হয়।

গ. শ্রোতার মানসিক তৃপ্তি সাধন :

সংবাদ মাধ্যমের উদ্দেশ্য ত্রিবিধ ঃ মানুষকে অবহিত করা (To inform) তাকে শিক্ষিত করা (To educate) এবং সর্বোপরি তাকে আনন্দ দেওয়া (To entertain)। এই তিনটিই শ্রোতাকে মানসিক তৃপ্তি দেয়।

এই তিনটি উপাদান সমমাত্রায় রাখতে হয়। সেজন্য সংবাদমাধ্যম যে কোন জটিল বস্তুকে সর্বসাধারণের উপযোগী সহজবোধ্য করে প্রকাশ করে। তার মধ্যে ফোটোগ্রাফ ও রেখাচিত্র (Illustration) দিয়ে টাইপের হেরফের ঘটিয়ে প্রকাশিত বিষয়কে মনোগ্রাহী করে তোলে। আবার অন্যদিকে নিছক বিনোদনমূলক উপাদানের অন্তরালেও তথ্য ও শিক্ষামূলক উপাদানকে প্রচ্ছন্ন রেখে দেয়।

মনে রাখতে হয় সংবাদ-প্রতিবেদন ফিচার ও সাক্ষাৎকার প্রভৃতি সংবাদমাধ্যমের যাবতীয় উপাদানের পিছনে থাকে সাংবাদিকের বৃহত্তর সমাজ চেতনা।

**সংবাদ বিদ্যা : (Journalism Studies)**

আধুনিক বিশ্বে প্রতিদিন নিয়ত এমন সব ঘটনা ঘটছে তার বেশ কিছু প্রয়োজনীয় অংশ জানা প্রতিটি মানুষেরই দরকার কারণ এইসব ঘটনার অনেকগুলির সঙ্গেই মানুষের ব্যক্তিগত, সম্প্রদায়গত, সমষ্টিগত স্বার্থ জড়িত। এই সব ঘটনাবলীর অনেক অংশই মানুষকে বিশ্বের সামাজিক সাংস্কৃতিক রাজনৈতিক ও অর্থনৈতিক প্রবণতাগুলির সঙ্গে পরিচয় করিয়ে দেয়। তার নিরাপত্তা ও ভবিষ্যৎ সম্পর্কে তাকে ওয়াকিবহাল করে তোলে। আবার তার সার্বিক শিক্ষা ও মানসিক বিকাশের পথে এই সংবাদ প্রবাহই তাকে সাহায্য করে। বিশ্ব সংবাদপ্রবাহ ব্যক্তি মানুষকে তার সামাজিক সাংস্কৃতিক ও রাজনৈতিক অবস্থান সম্পর্কেও সচেতন করে। সংবাদ ব্যক্তি ও সমষ্টিকে জনমত গঠনে সাহায্য করে। তার চেতনা শক্তিকে দৃঢ়তর করে এবং সর্বোপরি গোটা সমাজ জুড়ে এক সর্বজনীন শিক্ষার বাতাবরণ তৈরি করে।

যে মাধ্যমগুলির মধ্য দিয়ে এই সংবাদ অতি দ্রুত সাধারণ মানুষের মধ্যে ছড়িয়ে পড়ে তাকে বলে সংবাদমাধ্যম বা গণমাধ্যম। গণমাধ্যম বলা

Scanned by CamScanner